

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 16-10-2026

Time: 1.30 AM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) দিল্লীতে সাম্প্রতিক প্রতিবাদ বিক্ষোভের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, নির্বাচনে পরাজয়ের প্রতিশোধ নিতেই কংগ্রেস হিংসা ও অরাজক পরিস্থিতি তৈরি করতে চাইছে।
- ২) ভারতের প্রেস কাউন্সিল, প্রতিবাদ ও বিক্ষোভের খবর সংগ্রহ ও পরিবেশনের ক্ষেত্রে সাংবাদিকদের জন্য নির্দেশিকা জারি করেছে।
- ৩) ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি খুব দ্রুত সম্পন্ন হবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আশা প্রকাশ করেছেন। থাইল্যান্ডের ব্যাংককে আইএমএফ- বিশ্বব্যাংকের বার্ষিক বৈঠকের ফাঁকে আটলান্টিক কাউন্সিলের আলোচনায় যোগ দেন তিনি।
- ৪) কেন্দ্র, পেট্রোল, ডিজেল এবং উড়ানের ব্যবহার্য জ্বালানি- ATF-এর ওপর রপ্তানির ওপর আগামী ১৫ দিনের জন্য শুল্কের সংশোধিত হার প্রকাশ করেছে।
- ৫) শারদীয় দুর্গোৎসবের আজ ষষ্ঠী। নবরাত্রির ষষ্ঠ দিনে আজ দেবী দুর্গা কাত্যায়নি রূপে পূজিতা হচ্ছেন।
- ৬) রায়পুরের শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে আজ সিরিজের প্রথম T-20 ম্যাচে ভারতের মহিলা দল জিম্বাবোয়ের মুখোমুখি হবে।

দিল্লীতে সাম্প্রতিক প্রতিবাদ বিক্ষোভের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, কংগ্রেস পরিকল্পিতভাবে মানুষকে বিভ্রান্ত করছে। নির্বাচনে পরাজয়ের প্রতিশোধ নিতেই তারা হিংসা এবং অরাজক পরিস্থিতি তৈরি করতে চাইছে। লক্ষ্যে আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে কংগ্রেস এবং তাদের নেতা রাহুল গান্ধীর সমালোচনা করে তিনি বলেন, কংগ্রেস এবং সহযোগী দলগুলি প্রকাশ্যেই বলছে, তারা সরকারের পতন চায় এবং প্রশাসনিক ব্যবস্থারও পরিবর্তন চাইছে। এর জন্য বাংলাদেশ থেকে অনুপ্রেরণা নিচ্ছে তারা। এর মাধ্যমেই স্পষ্ট তাদের লড়াই এসআইআর-এর বিরোধিতা বা মুখ্য নির্বাচন কমিশনারের পদত্যাগের জন্য নয়।

(বাইট রাজনাথ সিং-বিরোধী)

তিনি বলেন, কংগ্রেসের শাসনকালে জরুরী অবস্থা জারি, ৮৪-র বিক্ষোভ এবং রামভক্তদের ওপর গুলি চালনার ঘটনায় সরকারের সমর্থন এই তিনটি ঘটনা ক্ষমার অযোগ্য। সাংবাদিক সম্মেলনে তিনি দেশে প্রতিরক্ষা ক্ষেত্রের অগ্রগতি নিয়েও সন্তোষ ব্যক্ত করেন।

(বাইট-রাজনাথ রাহুল)

ভারতের প্রেস কাউন্সিল, প্রতিবাদ ও বিক্ষোভের খবর সংগ্রহ ও পরিবেশনের ক্ষেত্রে সাংবাদিকদের জন্য নির্দেশিকা জারি করেছে। বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে সাংবাদিকদের দায়িত্ব পালন আরো সহজতর করা, সংবাদ কর্মীদের নিরাপত্তা, সাংবাদিক, মিডিয়া এবং আইন প্রণয়নকারী সংস্থার মধ্যে সমন্বয় বৃদ্ধি করতেই এই নির্দেশিকা। প্রেস কাউন্সিল জানিয়েছে, সাংবাদিকদের খবর সংগ্রহের সময় তাদের নিজস্ব প্রতিষ্ঠান অথবা প্রেস ইনফর্মেশন ব্যুরো এবং তথ্য ও জনসংযোগ দপ্তরের স্বীকৃত

পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। উত্তেজনা বৃদ্ধি পেলে নিরাপদ দূরত্ব বজায় রাখার'ও পরামর্শ দেওয়া হয়েছে তাদের। পেশাদারিত্ব এবং নিরপেক্ষতা বজায় রাখতে ও পুলিশের কাজে, কোনোভাবেই হস্তক্ষেপ না করার'ও আবেদন জানানো হয়েছে। ভিড়ের আচরণ পরিবর্তনের দিকে সতর্ক দৃষ্টি রাখতে এবং সমস্যার সৃষ্টি হলে, সেখান থেকে বেরিয়ে আসার পথ আগেভাগেই সনাক্ত কর রাখতেও বলা হয়েছে ওই নির্দেশিকায়।

দিল্লীতে আজকের প্রস্তাবিত প্রতিবাদ কর্মসূচীর প্রেক্ষিতে ট্রাফিক পুলিশ যান চলাচল নিয়ন্ত্রণে একটি অ্যাডভাইসারি জারি করেছে। এর জেরে কনট প্লেস এবং আশেপাশের বেশ কিছু রাস্তায় দুপুর তিনটে থেকে যান চলাচলে প্রভাব পড়তে পারে। এর প্রেক্ষিতে পুলিশের তরফে যাত্রীদের পরিকল্পনা মাফিক নিজেদের যাতায়াতের রাস্তা স্থির করতে বলা হয়েছে।

ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি খুব দ্রুত সম্পন্ন হবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আশা প্রকাশ করেছেন। থাইল্যান্ডের ব্যাংককে আইএমএফ- বিশ্বব্যাংকের বার্ষিক বৈঠকের ফাঁকে আটলান্টিক কাউন্সিলের সঙ্গে এক আলোচনায় তিনি বলেন, এই চুক্তি বিশ্ব বাণিজ্যের স্বার্থ রক্ষা করবে এবং দুই দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ককে আরও মজবুত করবে। শ্রীমতী সীতারামন জানান, বাণিজ্য চুক্তির প্রথম পর্যায় চূড়ান্ত হয়েছে এবং বর্তমানে তার আইনি খসড়া তৈরির কাজ চলছে। অর্থমন্ত্রী বলেন, দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিশ্ব বাণিজ্যের সার্বিক স্বার্থে উভয় দেশেরই দ্রুত এই চুক্তি সম্পন্ন করার লক্ষ্যে কাজ করা উচিত।

কেন্দ্র, পেট্রোল, ডিজেল এবং উড়ানের ব্যবহার্য জ্বালানি - ATF-এর ওপর রপ্তানির ওপর শুল্কের সংশোধিত হার প্রকাশ করেছে। এক বিজ্ঞপ্তিতে অর্থ মন্ত্রক জানিয়েছে, আগামী ১৫ দিনের জন্য নতুন এই হার কার্যকর থাকবে। পেট্রোল রপ্তানির ওপর লিটার প্রতি আড়াই টাকা এবং ডিজেল রপ্তানির ক্ষেত্রে লিটার প্রতি সাড়ে আট টাকা শুল্ক ধার্য হয়েছে।

অন্যদিকে, ATF-এ রপ্তানি শুল্কের হার ১০টাকা ৫০পয়সা নেওয়া হবে। দেশীয় বাজারে ব্যবহার্য পেট্রল ও ডিজেলের উৎপাদন শুল্কের হারে কোনো পরিবর্তন হয়নি। আজ থেকেই এই হার কার্যকর হচ্ছে।

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, শুল্ক সংক্রান্ত জটিলতা সত্ত্বেও চলতি বছরে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতের পণ্য রফতানি বেড়ে প্রায় ৫,১০০ কোটি মার্কিন ডলারে পৌঁছেছে। বাণিজ্য ও শিল্প মন্ত্রকের প্রকাশিত তথ্য অনুযায়ী, গত বছর মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতের রফতানির পরিমাণ ছিল ৪৫ বিলিয়ন ডলারের কিছু বেশি। বাণিজ্য সচিব রাজেশ আগরওয়াল বলেছেন, প্রস্তাবিত ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি সংক্রান্ত আলোচনা সঠিক পথেই এগোচ্ছে। বাণিজ্য সচিব আরও জানান, বৈদ্যুতিন পণ্য, পেট্রোলিয়ামজাত পণ্য, ইঞ্জিনিয়ারিং সামগ্রী, রাসায়নিক ও কৃষি পণ্যের রফতানি বৃদ্ধির ফলেই এই বৃদ্ধি সম্ভব হয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ন্যাশনাল সিকিউরিটি গার্ড (এনএসজি)-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বাহিনীর সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় তিনি বলেন, এনএসজি ভারতের বিরুদ্ধে যেকোনো সন্ত্রাসবাদী কার্যকলাপের বীরত্বে

সঙ্গে মোকাবিলা করেছে। তাঁদের সাহস, নিখুঁত পেশাদারিত্ব ও আত্মত্যাগকে কুর্নিশ জানিয়েছেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি বছরের ১১ ও ১২ ডিসেম্বর কানাডা সফর করবেন। কানাডার অটোয়ায় অবস্থিত ভারতীয় হাই কমিশন সমাজ মাধ্যমে এক বার্তায় এই তথ্য জানিয়েছে। সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি টেলিফোনে কথা বলেন। উভয় নেতা দুই দেশের পারস্পরিক সম্পর্কের ইতিবাচক ধারাকে এগিয়ে নিয়ে যেতে এবং কৌশলগত অংশীদারিত্বকে আরও মজবুত করার ব্যাপারে সম্মত হয়েছেন।

শারদীয় দুর্গোৎসবের আজ ষষ্ঠী। মণ্ডপে মণ্ডপে দেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাসের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে বাঙালির শ্রেষ্ঠ উৎসব।

(ইনসার্ট - ষষ্ঠীর ঢাক)

কলকাতা ও জেলার নামী পুজো মণ্ডপগুলিতে দুপুর থেকেই ভিড় জমতে সন্ধুরু করেছে। বিভিন্ন থিম ও আলোক সজ্জায় সজ্জিত প্রতিমা ও মণ্ডপ দেখতে গতরাতেও ছিল মানুষের ঢল।

বেলুর রামকৃষ্ণ মঠ ও মিশনের ঐতিহ্য মেনে আজ ভোর ৬টায় ষষ্ঠাদি কল্লারম্ভ মধ্য দিয়ে এবছরও দেবী দুর্গার আবাহন শুরু। আজ সন্ধ্যা ৬টা ১৫ মিনিট নাগাদ দেবীর বোধন হবে।

নব রাত্রির ষষ্ঠ দিনে আজ দেবী দুর্গা কাত্যায়নী রূপে পূজিতা হচ্ছেন ।

নবরাত্রির ষষ্ঠ দিনে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মা কাত্যায়নীর প্রতি পূজা নিবেদন করেছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে প্রধানমন্ত্রী প্রার্থনা করেন, দেবীর কৃপায় সকলের জীবন যেন অসীম শক্তি, সাহস এবং ইতিবাচক শক্তিতে ভরে ওঠে।

সৌদি আরবের পরিস্থিতির কথা মাথায় রেখে চলতি মাসের ২০ তারিখ পর্যন্ত রিয়াধ, দাম্মাম ও জেড্ডাগামী এবং সেখান থেকে আসা সমস্ত বিমান বাতিল করেছে এয়ার ইন্ডিয়া। সংস্থাটি জানিয়েছে, পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে। বাতিল হওয়া বিমানের যাত্রীদের সম্পূর্ণ অর্থ ফেরত দেওয়া হচ্ছে।

সৌদি আরবের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারতীয় নাগরিকদের স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশাবলী মেনে চলার এবং কোনও বিমান হামলার আশঙ্কা থাকলে ঘরের ভেতরেই থাকার পরামর্শ দিয়েছে রিয়াধে অবস্থিত ভারতীয় দূতাবাস। এক নির্দেশিকায় দূতাবাস জানিয়েছে, স্থানীয় আইন অনুযায়ী, ক্ষেপণাস্ত্র বা ড্রোন প্রতিহত করার ঘটনা কিংবা সেগুলি যেখানে আঘাত হেনেছে, সেসব স্থানের ছবি প্রকাশ করা দণ্ডনীয় অপরাধ। এই আইন মেনে চলার আবেদন জানিয়েছে ভারতীয় দূতাবাস। গত ১০ অক্টোবর রিয়াধ বিমানবন্দরে হামলায় আহত ভারতীয় নাগরিকদের মধ্যে দু'জন আইসিইউ (ICU)-তে, একজন হাই ডিপেন্ডেন্সি ইউনিটে (HDU) এবং তিনজন সাধারণ

ওয়ার্ডে চিকিৎসাধীন আছেন বলে দূতাবাস জানিয়েছে। একজনকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

এদিকে, রিয়াধের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান চলাচল এখনও বন্ধ রয়েছে।

পশ্চিম এশিয়ায় ক্রমবর্ধমান উত্তেজনা ও পরিস্থিতি অবনতির বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে ভারত। একই সঙ্গে অসামরিক পরিকাঠামো, বাণিজ্যিক জাহাজ এবং ভারতীয় নাবিকদের ওপর বারবার হামলার তীব্র নিন্দা করা হয়েছে। রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে (UNSC) পশ্চিম এশিয়া পরিস্থিতির ওপর এক আলোচনায় ভারতের স্থায়ী প্রতিনিধি হরিশ পর্বতনেনি বলেন, এই অঞ্চলের নিরাপত্তা, স্থায়িত্ব এবং শান্তির সাথে ভারতের স্বার্থ জড়িয়ে রয়েছে। তিনি জোর দিয়ে বলেন যে, বাণিজ্যিক জাহাজ, নাবিক এবং অসামরিক পরিকাঠামোর ওপর হামলা অবিলম্বে বন্ধ করতে হবে। আন্তর্জাতিক আইন অনুযায়ী আন্তর্জাতিক জলপথে অবাধ নৌ-চলাচল ও সামুদ্রিক বাণিজ্যের নিরাপদ প্রবাহ বজায় রাখতে হবে।

রায়পুরের শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে সিরিজের প্রথম টি-টোয়েন্টি ম্যাচে ভারতের মহিলা দল জিম্বাবয়ের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা ৭টায়। এই সিরিজের দ্বিতীয় ও তৃতীয় টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচ দু'টি যথাক্রমে ১৮ ও ২০ অক্টোবর খেলা হবে।
